

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়  
আগারগাঁও, শেরে বাংলা নগর  
ঢাকা-১২০৭।  
( [www.bpsc.gov.bd](http://www.bpsc.gov.bd) )

নম্বর : ৮০.০০.০০২৬.৩০১(গোপনীয়).১৭.০০১.১৬-১৯২

তারিখ : ০৩.১০.২০১৬।

বিজ্ঞপ্তি

বিষয় : সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন গণগ্রন্থাগার অধিদপ্তরের “লাইব্রেরীয়ান” (১ম শ্রেণি) পদে ফলাফল স্থগিতকৃত ০১ (এক) জন প্রার্থীর ফলাফল প্রকাশ।

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ১২.০৬.২০১৬ তারিখের ৮০.০০.০০২৬.৩০১(গোপনীয়).১৭.০০১.১৬-১৩০ নং বিজ্ঞপ্তিতে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন গণগ্রন্থাগার অধিদপ্তরের “লাইব্রেরীয়ান” (১ম শ্রেণি) পদে নিয়োগের জন্য ০১(এক) জন প্রার্থীর ফলাফল তথ্য বিভ্রাটজনিত কারণে স্থগিত রাখা হয়। পরবর্তীতে উক্ত প্রার্থীর বিষয়ে কমিশন কর্তৃক গঠিত কমিটির সুপারিশের ভিত্তিতে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন গণগ্রন্থাগার অধিদপ্তরের “লাইব্রেরীয়ান” (১ম শ্রেণি) এর ০১টি পদে নিম্নোক্ত রেজিঃ নম্বরধারী প্রার্থীকে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক সাময়িকভাবে (Provisionally) নির্বাচন করা হয়েছে :

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন গণগ্রন্থাগার অধিদপ্তরের “লাইব্রেরীয়ান” (১ম শ্রেণি) :

রেজিঃ নং ০০০২০৫ = ০১ জন।

- সাময়িকভাবে সুপারিশকৃত প্রার্থীর ক্ষেত্রে পরবর্তীকালে যে কোনো সময়ে কোনো যোগ্যতার বা কাগজপত্রাদির ঘাটতি ধরা পড়লে, দুর্নীতি, সনদ জালিয়াতির প্রমাণ পাওয়া গেলে, অসত্য তথ্য প্রদান করলে বা যে কোনো গুরুতর (Substantive) ভুলত্রুটি পরিলক্ষিত হলে উক্ত প্রার্থীর সুপারিশ বাতিল বলে গণ্য হবে। তাছাড়া ক্ষেত্র বিশেষে সংশ্লিষ্ট প্রার্থীকে ফৌজদারি আইনে সোপর্দ করা যাবে। চাকুরিতে নিয়োগের পর এরূপ কোনো তথ্য প্রকাশ বা প্রমাণিত হলে তাকে চাকুরি হতে বরখাস্ত করা ছাড়াও তার বিরুদ্ধে যে কোনো উপযুক্ত আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।
- মেডিকেল বোর্ড কর্তৃক স্বাস্থ্য পরীক্ষায় যোগ্য ঘোষণা ও যথাযথ এজেন্সি কর্তৃক প্রাক-নিয়োগ জীবন-বৃত্তান্ত যাচাই এর পর নিয়োগকারী কর্তৃপক্ষ হিসেবে সংশ্লিষ্ট মন্ত্রণালয় নিয়োগ প্রদান করবে। সুপারিশকৃত প্রার্থীকে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।
- প্রকাশিত ফলাফলে ভুলত্রুটি পরিলক্ষিত হলে, তা সংশোধনের ক্ষমতা কমিশন সংরক্ষণ করে।

(শেখ শাখাওয়াহ হোসেন)  
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)  
(যুগ্ম-সচিব)